গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৩১.৩২.০২৯.২২. ৩০৮ তারিখঃ ১৮/০১/২০২৩ খ্রি.

বিষয়: বিগত ২০১৮-১৯ অর্থ বছর হতে চলতি ২০২২-২৩ (ডিসেম্বর'২২) অর্থবছর পর্যন্ত মোট ০৫ অর্থবছরের ওএমএস এবং খাদ্যবান্ধব খাতে জমাকৃত চালান যাচাইপূর্বক অর্থবছরভিত্তিক প্রতিবেদন প্রেরণ

সূত্র: খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ১১/০১/২০২৩ তারিখের ১৩.০১.০০০০.০৩১.৩২.০২৯.২২.৬৮(৬০০) নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা রেশনিং, ঢাকার ডি-১ এবং কিশোরগঞ্জ জেলার সদর উপজেলার ওএমএস ডিলার কর্তৃক চালান জালিয়াতির ঘটনা সংঘটিত হওয়ায় খাদ্য অধিদপ্তরাধীন সকল স্থাপনায় বিগত ২০১৮-১৯ অর্থ বছর হতে চলতি ২০২২-২৩ (ডিসেম্বর'২২ পর্যন্ত) পর্যন্ত মোট ০৫ অর্থবছরের জমাকৃত চালান যাচাইপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য মহাপরিচালক(গ্রেড-১) মহোদয় কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হওয়ার পরিপ্রেক্ষিতে সূত্রস্থ স্মারকে খাদ্য অধিদপ্তরাধীন সকল স্থাপনায় বিগত ২০১৮-১৯ অর্থ বছর হতে চলতি ২০২২-২৩ (ডিসেম্বর'২২ পর্যন্ত) অর্থবছর পর্যন্ত মোট ০৫ অর্থবছরের জমাকৃত চালান যাচাইপূর্বক অর্থবছরভিত্তিক প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রস্থ স্মারকে পত্র দেয়া হয়।

এক্ষণে, খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ১১/০১/২০২৩ তারিখের ১৩.০১.০০০০.০৩১.৩২.০২৯.২২.৬৮(৬০০) নং স্মারকে জারিকৃত পত্র বাতিলপূর্বক বিগত ২০১৮-১৯ অর্থ বছর হতে চলতি ২০২২-২৩ (ডিসেম্বর'২২ পর্যন্ত) পর্যন্ত মোট ০৫ অর্থবছরের ওএমএস এবং খাদ্যবান্ধব ডিলারগণের অনুকূলে সরবরাহকৃত চাল ও আটার নির্ধারিত মূল্য চালানের মাধ্যমে সরকারি খাতে জমা হয়েছে কিনা তা যাচাইয়ের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠনপূর্বক যাচাইকৃত চালানের প্রতিবেদন সুস্পষ্ট মতামতসহ আগামী ২৬/০১/২০২৩ তারিখের মধ্যে খাদ্য অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) **ঢাকা রেশনিং, ঢাকা:**

(i) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা - আহবায়ক
(ii) জনাব মোঃ হুমায়ুন কবির, সহকারী নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা - সদস্য
(iii) জনাব আবু শামস মোহাম্মদ সফকত রানা, সহকারী উপপরিচালক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর, ঢাকা - সদস্য

(খ) **জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরসমূহের জন্য:**

(i) জেলা খাদ্য নিয়ন্ত্রক - আহবায়ক
(ii) সহকারী খাদ্য নিয়ন্ত্রক অথবা উক্ত পদে কর্মকর্তা পদায়ন না থাকলে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সদর অথবা উক্ত পদে কর্মকর্তা পদায়ন না থাকলে জেলার যে কোন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক - সদস্য
(iii) খাদ্য পরিদর্শক (কারিগরি) অথবা উক্ত পদে কর্মকর্তা পদায়ন না থাকলে জেলার যে কোনো খাদ্য পরিদর্শক - সদস্য

**কমিটির কার্যপরিধি:**

বিগত ২০১৮-১৯ অর্থ বছর হতে চলতি ২০২২-২৩ (ডিসেম্বর'২০২২) পর্যন্ত মোট ০৫ অর্থবছরের ওএমএস এবং খাদ্যবান্ধব ডিলারগণের অনুকূলে সরবরাহকৃত চাল ও আটার নির্ধারিত মূল্য চালানের মাধ্যমে সরকারি খাতে জমা হয়েছে কিনা তা যাচাইপূর্বক সুস্পষ্ট মতামতসহ জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করবেন এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ প্রাপ্ত প্রতিবেদন যাচাইপূর্বক সুস্পষ্ট মতামতসহ এবং প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা তার দপ্তরের চালান যাচাইকৃত প্রতিবেদন সুস্পষ্ট মতামতসহ আগামী ২৬/০১/২০২৩ তারিখের মধ্যে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করবেন।

০১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল
০২। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা


মামুন আল মোর্শেদ চৌধুরী
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন- ০২-৪১০৫০৭২৩
dd.est@dgfood.gov.bd


স্মারক নং-১৩.০১.০০০০.০৩১.৩২.০২৯.২২. ৩০৮/১(৮৫) তারিখঃ ১৮/০১/২০২৩খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
০১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০২। পরিচালক, প্রশাসন/হিসাব ও অর্থ/সংগ্রহ/সরবি/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৩। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দামিল পোস্তগোলা, ঢাকা

০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৫। আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৬। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৭। সাইলো অধীক্ষক,...............
০৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৯। উপপরিচালক, পিপিটি শাখা/তদন্ত ও মামলা শাখা
১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ...........................................
১১। মহাপরিচালকের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২। অফিস কপি/ মাস্টার কপি

মামুন আল মোর্শেদ চৌধুরী
উপ-পরিচালক (সংস্থাপন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ময়মনসিংহ বিভাগ
২৪, আকুয়া মাদ্রাসা কোয়াটার, ফুলাবাড়িয়া রোড,
ময়মনসিংহ- ২২০০।
www.food.mymensinghdiv.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.৪২৪.৫৭.০০১.২১. [illegible]

তারিখঃ ২২/০১/২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা ।

২-৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ, নেত্রকোনা, জামালপুর ও শেরপুর জেলা। এক্ষুণে, খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ১১/০১/২৩ তারিখের ১৩.০১.০০০০.০৩১.৩২.০২৯.২২.৬৮(৬০৩) নং স্মারক এবং অত্র দপ্তরের ১৮/০১/২০২৩ খ্রি. ১৩.০১.০০০০.৪২৪.৫৭.০০১.২১. ৮৩(৩) নং স্মারকে জারিকৃত পত্র বাতিলপূর্বক বিগত ২০১৮-১৯ অর্থ বছর হতে চলতি ২০২২-২৩ (ডিসেম্বর'২২ পর্যন্ত) মোট ০৫ অর্থবছরের ওএমএস এবং খাদ্য বান্ধব ডিলারগণের অনুকূলে সরবরাহকৃত চাল ও আটার নির্ধারিত মূল্য চালানের মাধ্যমে সরকারি খাতে জমা হয়েছে কিনা তা নির্ধারিত কমিটি কর্তৃক যাচাইপূর্বক যাচাইকৃত চালানের প্রতিবেদন সুস্পষ্ট মতামতসহ নিম্নবর্ণিত ছকে আগামী ২৪/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৬। অফিস কপি ।

২২/১/২৩
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ময়মনসিংহ বিভাগ
Email: rcf.myn@dgfood.gov.bd
ফোন- ০২৯৯৭৭১০২৯২

অর্থ বছরঃ-

| ক্র.নং | জেলার নাম | উপজেলার নাম | খাতের নাম | চালান নং ও তারিখ | ব্যাংকের নাম | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | | |
| ২. | | | | | | | |